# জন্মপূর্ব এইচআইভি পরীক্ষা - একটি সন্তানসম্ভবা মায়ের উদ্বেগ

### জন্মপূর্ব চেকআপের লক্ষ্য



প্রসবকালীন চেক-আপের লক্ষ্য হল গর্ভবতী মহিলার গর্ভাবস্থাকালীন সর্বোত্তম স্বাস্থ্য নিশ্চিত করা। প্রাথমিক অবস্থায় সমস্যার সনাক্তকরণ এবং স্বাস্থ্য সমস্যার যথাযথ পরিচালনায় মা এবং ভ্রূণ উভয়েরই মঙ্গল রক্ষা করতে সহায়তা করে। জন্মপূর্ব চেকআপে সাধারণত রক্তের গ্রুপ, হিমোগ্লোবিন স্তর, রক্তের কোষের পরিমাণ, রিসাস ফ্যাক্টর, রুবেলা, হেপাটাইটিস বি অ্যান্টিজেন, সিফিলিস এবং হিউম্যান ইমিউনোডেফিসিয়েন্স ভাইরাস (এইচআইভি) এর রক্ত পরীক্ষা অন্তর্ভুক্ত থাকে।

### ইউনিভার্সাল অ্যান্টিয়েটাল এইচআইভি পরীক্ষা কীভাবে একজন গর্ভবতী মহিলাকে উপকৃত করে?

যৌন মিলন, রক্ত যোগাযোগ বা মা থেকে শিশু সংক্রমণ গুলো এইচআইভি সংক্রমণের কারনের মধ্যে অন্তর্ভুক্ত। মানবদেহে প্রবেশের পরে ভাইরাসটি লসিকা কোষগুলির প্রতিলিপি করে এবং তা ধ্বংস করে দেয়। এটি ধীরে ধীরে শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাস করে, এতে সহজেই সংক্রমণ দ্বারা আক্রান্ত হয় এমনকি ক্যান্সারও এবং শেষ পর্যন্ত মৃত্যুর দিকে ঢোলে পরে।

এইচআইভি মা থেকে শিশু সংক্রমণের মধ্যে গর্ভাবস্থা, প্রসবের সময় বা বুকের দুধ খাওয়ানোর সময় মা থেকে তার শিশুর কাছে সংক্রামিত হতে পারে। কোনও হস্তক্ষেপ ছাড়াই একটি সংক্রামিত মা থেকে তার শিশুর মধ্যে সংক্রমণ হবার হার 15 থেকে 40% পর্যন্ত।**গর্ভাবস্থায়, প্রসবের সময় এবং প্রসবের পরবর্তিতে বাচ্চাকে কার্যকর চিকিত্সা এবং প্রতিরোধের মাধ্যমে হারটি 1-2% হ্রাস করা যায়।**

### চিকিত্সা এবং প্রতিরোধ

- সংক্রামিত গর্ভবতী মহিলার যত তাড়াতাড়ি সম্ভব অ্যান্টেরেট্রোভাইরাল থেরাপি (এআরটি) শুরু করা উচিত; প্রসবের সময়ও এআরটি দরকার হতে পারে।
- সিজারিয়ান বনাম সাধারণ প্রসবের ঝুঁকি এবং সুবিধাগুলো চিকিৎসকদের সাথে আলোচনা করুন।
- নবজাতককে বুকের দুধ খাওয়ানো এড়ানো উচিত।
- এই দুর্বোধ্যতা প্রতিরোধ ও প্রাথমিক সনাক্তকরণের জন্য শিশুর মৌখিক এআরটি চালিয়ে যেতে হবে এবং শিশু জন্মের পরে শিশু বিশেজ্ঞের পরামর্শ নিতে হবে।
- সংক্রামিত হওয়ার বিষয়টি নিশ্চিত হয়ে গেলে শিশুটির সুস্বাস্থ্যের উন্নতি করতে যথাযথ চিকিত্সা এবং ফলো-আপ, যত্ন দেওয়া হবে।

## এইচআইভি পরীক্ষার ফলাফলের ব্যাখ্যা

চলিত এইচআইভি পরীক্ষা প্রক্রিয়াকরনে এক সপ্তাহেরও বেশি সময় নিতে পারে।পরীক্ষার ফলাফল নেতিবাচক (-ve) বা ইতিবাচক (+ve) হতে পারে। ফলাফলের ব্যাখ্যা নিম্নলিখিত হতে পারে:

### নেতিকাচক ফলাফলঃ *(-ve)*

- নেতিবাচক ফলাফল বুঝায় যে গর্ভবতী মহিলা এইচআইভি পরীক্ষার সময় এইচআইভি দ্বারা সংক্রামিত ছিলেন না। তবে 'উইন্ডো পিরিয়ড' সম্পর্কে সচেতন থাকতে হবে। একজন ব্যক্তি এইচআইভিতে আক্রান্ত হওয়ার সময় এবং এইচআইভি পরীক্ষা যখন কোন ইতিবাচক ফলাফল দেখায়, এই সময়কালকে উইন্ডো পিরিয়ড বলে। এইচআইভি পরীক্ষার জন্য উইন্ডো সময়কাল 3 মাস। নেতিবাচক ফলাফল সংক্রমন এড়াতে পারে না যদি না তা 3 মাস পূর্বে প্রকাশ হয়ে থাকে। ব্যবহারকারীদের অবশ্যই এ বিষয়ে লক্ষ্য রাখতে হবে এবংযখনই সন্দেহ হয় পরীক্ষার পুনরাবৃত্তি করতে হবে বা তখনই চিকিৎসকের পরামর্শ নিতে হবে।
- যে গর্ভবতী মহিলার নেতিবাচক এইচআইভি রক্তের ফলাফল রয়েছে তাকে গর্ভাবস্থা এবং বুকের দুধ খাওয়ানোর সময় এইচআইভি সংক্রমণ থেকে নিজেকে এবং ভ্রূণকে রক্ষা করার জন্য প্রতিরোধমূলক ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। এর মধ্যে কনডম ব্যবহার, সুই ভাগ করে নেওয়া এবং উচ্চ ঝুঁকিপূর্ণ কাজ থেকে বিরত থাকা ও নিরাপদ যৌন অভ্যাস অন্তর্ভুক্ত রয়েছে।
- **কোন গর্ভবতী মহিলার গর্ভাবস্থাকালীন সময়ে এইচআইভি অবস্থা সম্পর্কে সন্দেহ থাকলে তার আবার এইচআইভি পরীক্ষা করতে ডাক্তারের সাথে যোগাযোগ করা উচিত।**

### ইতিবাচক ফলাফল *(+ve)*

- ইতিবাচক ফলাফলের অর্থ গর্ভবতী মহিলা এইচআইভিতে আক্রান্ত হয়েছেন। যৌন মিলনের মাধ্যমে ভ্রূণ এবং তার যৌন সঙ্গীরও ভাইরাস সংক্রমণ হওয়ার ঝুঁকি রয়েছে।

এইচআইভি পরীক্ষার ফলাফল কঠোরভাবে গোপনীয়।

## প্রাথমিক সনাক্তকরণ - কীভাবে এটি গর্ভবতী মায়ের উপকারে আসতে পারে?

- সংক্রমণটি প্রথমদিকে সনাক্ত করা গেলে এর থেকে তুলনামূলক ভাল ফলাফল আশা করা যায়।
- মানসম্পন্ন প্রসবকালীন যত্ন ছাড়াও স্বাস্থ্যসেবায় নিয়োজিতরা সংক্রামিত ব্যক্তির সামগ্রিক যত্ন অর্জনে সেরা পরিচালনার জন্য একসাথে কাজ করতে হবে।
- এইচআইভি রোগ নিয়ন্ত্রণের জন্য গর্ভবতী মহিলাকে যত তাড়াতাড়ি সম্ভব এআরটি দিতে হবে।
- গর্ভবতী মায়ের এই রোগের সাথে লড়াই করার জন্য তার শারীরিক এবং মানসিক ক্ষমতা বুঝার জন্য কাউন্সেলিংয় করতে হবে এবং গর্ভাবস্থা ধারন সম্পর্কে ঐক্যমতে পৌঁছাবেন।
- গর্ভবতী মা তার যৌন সঙ্গী বা পরিবারের কাছে তার এইচআইভির বিষয়ে জানাতে পারেন। স্বাস্থ্যসেবা প্রদানকারী তাকে এবং তার পরিবারকে এ বিষয়ে সহায়তা এবং পরামর্শ দেবেন।
- আক্রান্ত মা তার সুস্বাস্থ্য বজায় রাখতে এবং জটিলতা রোধে প্রসবের পরে ঔষধ, চিকিত্সা এবং রোগের ফলোআপ চালিয়ে যাবেন । কীভাবে তার শিশুর যত্ন নেবেন এবং রক্তবাহিত সংক্রমণ থেকে সাবধান থাকবেন তা শিখবেন।

## দ্রুত এইচআইভি পরীক্ষার লক্ষ্য


গর্ভবতী মহিলার প্রসবের আগে তার এইচআইভি অবস্থা জেনে রাখা জরুরি। হংকংয়ে সমস্ত গর্ভবতী মায়ের গর্ভকালীন চেক-আপে নিয়মিত এইচআইভি পরীক্ষা করা হয়। সুতরাং যে মহিলার প্রসব করতে চলেছেন এবং যিনি এখনও তার এইচআইভি অবস্থা জানেন না তাদের জন্য দ্রুত এইচআইভি পরীক্ষা করা উচিত যা মাত্র কয়েক মিনিট সময় নেয় যাতে শিশুটিকে সুরক্ষার জন্য যথাযথ পদক্ষেপ নেওয়া যেতে পারে। পরীক্ষার ফলাফল 20 মিনিটের মধ্যে জানা যায়।

## দ্রুত পরীক্ষা কী এবং এটি কীভাবে সম্পাদিত হয়?

- এই পরীক্ষাটি দেখায় যে কোনও ব্যক্তি HIV আক্রান্ত কিনা।
- রক্তের নমুনাটি ফিঙ্গারপ্রিকের সাহায্যে নেওয়া হয়। আপনার আঙুল থেকে রক্তের একটি ছোট ফোঁটা নেওয়া হয় এবং ২০ মিনিট পরে পরীক্ষার ফলাফল পড়া যায়।
- এই দ্রুত HIV পরীক্ষার ফলাফলটি নেতিবাচক (-ve) বা ইতিবাচক (+ve) হতে পারে। দ্রুত পরীক্ষার যে কোন ইতিবাচক ফলাফল পরীক্ষাগার দ্বারা পরিচালিত শিরা রক্তের নিশ্চিতকরণমূলক পরীক্ষা অনুসরণ করে করা উচিত।



(১) রক্ত গ্রহণের জন্য ফিঙ্গারপ্রিক



(২) লুপটি (রক্ত দিয়ে) পরীক্ষার কিটে রাখুন




(৩) পরীক্ষার ফলাফল

**নিজেকে এবং শিশু উভয়ের সুরক্ষার জন্য অবশ্যই প্রসবের আগে HIV পরীক্ষা করুন। প্রাথমিক অবস্থায় রোগ নির্ণয় আপনার এবং আপনার শিশু উভয়ের জন্যই কল্যাণকর।**

**HIV পরীক্ষা এবং HIV সংক্রমণ সম্পর্কে আপনার আরও প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার ডাক্তার বা নার্সের সাথে কথা বলুন। 2780 2211 এইডস হটলাইনের মাধ্যমে আমাদের পরামর্শদাতার সাথে যোগাযোগ করার জন্য আপনাকে স্বাগত জানানো হচ্ছে।**

紅絲帶中心 Red Ribbon Centre
衞生防護中心 Centre for Health Protection
衞生署 Department of Health

রেড রিবন সেন্টার – UNAIDS প্রযুক্তিগত সহায়তার সহযোগি কেন্দ্র
ঠিকানা: 2/F., Wang Tau Hom Jockey Club Clinic, 200 Junction Road East, Kowloon, Hong Kong.
টেলিফোন: (852) 3143 7200 ফ্যাক্স: (852) 2338 0534
ওয়েবসাইট: www.rrc.gov.hk